**ঘ)** "হিমিকার মন পড়ে থাকার কারণ ও ঝিঙে ফুলের আলোকায় না যাওয়ার কারণ এক ও অভিন্ন"-বিশ্লেষণ কর। ৪

## গ-অংশ : আনন্দপাঠ

**৯। শিলা তার বান্ধবী কৃষ্ণাকে বলে, একসময় মানুষ আয়না সম্পর্কে ভ্রান্ত ধারণা পোষণ করত। যখন তারা আয়নায় নিজের ছবি দেখত তখন তা অন্যের ছবি ভাবত। এ নিয়ে মানুষের মধ্যে বিভিন্ন গোলযোগেরও সৃষ্টি হতো।**

**ক)** জসীমউদ্দীন কী কবি বলে পরিচিত ? ১

**খ)** আয়না পেয়ে চাষি কী দেখল ও ভাবল ? ২

**গ)** চাষির ভাবভঙ্গি দেখে চাষি বউ কী ভাবল ও নিজের চেহারাকে কী মনে করেন? ৩

**ঘ)** উদ্দীপকের মূলভাবের সাথে "আয়না" গল্পের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৪

**১০। পৃথিবীতে অন্যগ্রহ থেকে একটা স্পেশ শিপে করে কিছু এলিয়েন আসলে তারা কার্টুন ছাড়া সবাই চলে যায়। রনি কার্টুনকে দেখতে পায় ও তার বাড়িতে লুকিয়ে রাখে। তারা ধীরে ধীরে বন্ধু হয়ে ওঠে ও কার্টুন রনির মধ্যকার সুপ্ত সম্ভাবনাগুলোকে জাগিয়ে তোলে ও তাকে আত্মবিশ্বাসী করে তোলে।**

**ক)** চারিদিকে কী পোকা ডাকছে ? ১

**খ)** বাবুল হইয়েৎ সুনের সাথে যেতে চেয়েছিল কেন ? ২

**গ)** উদ্দীপকের কার্টুনের সাথে জাদুকর গল্পের হইয়েৎ সুনের সাদৃশ্য বর্ণনা কর। ৩

**ঘ)** উদ্দীপকের রনির আত্মবিশ্বাস 'জাদুকর' গল্পের বাবলুর মধ্যেও পরিলক্ষিত হয়। উক্তিটি মূল্যায়ন করো। ৪

**১১। আকবরের নবরত্নের এক সদস্য ছিলেন হাস্যরসিক। তিনি রসালো গল্প বলে আসর জমাতে পারতেন। এবং গল্পের মাধ্যমে মানুষের ভুলত্রুটি তুলে ধরে তাদের উপযুক্ত শিক্ষা দিতেরন। তেমনি একটি রসালো ঘটনার অবতারণা করে তিনি রাজদরবারদের স্থায়ী আসন গড়লেন।**

**ক)** নবরত্ন কী ? ১

**খ)** বীরবল কীভাবে নবরত্নের সদস্য হন ? ২

**গ)** বীরবল দারোয়ানকে যে শিক্ষা দেন তা থেকে আকবরের সভাসদ কীভাবে উপকৃত হয়েছিল বলে তোমার মনে হয় ? ৩

**ঘ)** বীরবলের বিচক্ষণতা 'ঋণ পরিশোধ' গল্পে কীভাবে তুলে ধরা হয়েছে?বিশ্লেষন কর।৪

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি-৬ষ্ঠ** বিষয় কোড: ১০১

**বিষয়: বাংলা প্রথম পত্র (সৃজনশীল)**

**সময়: ২ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[গদ্য অংশ থেকে কমপক্ষে দুইটি এবং পদ্য অংশ থেকে কমপক্ষে দুইটি ও আনন্দ পাঠ থেকে ১টিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর দাও]**

## ক-অংশ : গদ্য

**১। বিনতা সরকার সততার জন্য বিশ্বব্যাপী পরিচিত। তিনি দশ লাখ ডলার মূল্যের প্রাইজ বন্ড পেয়েও তা ফিরিয়ে দিলেন নিজ উদ্যেগে। বিনিময়ে তিনি কিছুই গ্রহণ করে নি। উপরন্তু বলেছেন, "আমি আমার সততার বিনিময়ে কিছুই চাই না|। কারণ আমি আমার দায়িত্ব পালন করেছি মাত্র।**

**ক)** স্বর্গীয় দূত কতজন ইহুদীকে পরীক্ষা করেছিলেন ? ১

**খ)** ধবল রোগী ফেরেশতার সাথে মিথ্যাচার করেছিল কেন ? ২

**গ)** উদ্দীপকের বিনতা সরকারের সঙ্গে "সততার পুরস্কার" গল্পের কোন কোন চরিত্রের বৈসাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** উদ্দীপকের বিনতা সরকারের কাজের মধ্যেই "সততার পুরস্কার" গল্পের মূল শিক্ষা নিহিত। মন্তব্যটির স্বপক্ষে তোমার মতামত দাও। ৪

**২। দিগন্ত বাবা-মার একমাত্র সন্তান। কিন্তু সে বুদ্ধি প্রতিবন্ধী। সে কারও কথা বুঝতে পারে না আবার নিজেও বলতে পারে না। তাকে তার সহপাঠীরা এমনকি তার মাও ঝামেলা বলে মনে করে। কিন্তু তার বাবা মনে করেন, তার মতো সকল শারীরিক ও মানসিক প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়। তাদের দরকার উপযুক্তন সহযোগিতা, সেবা, চিকিৎসা ও প্রশিক্ষণ। তার ধারণা উপযুক্ত চিকিৎসা পেলে তার ছেলেও একদিন স্বাভাবকি জীবনযাপন করতে পারবে।**

**ক)** বুদ্ধি প্রতিবন্ধী কাদের বলা হয় ? ১

**খ)** পরিবেশগত কারণে মানুষ কীভাবে প্রতিবন্ধীতার শিকার হতে পারে ? ২

**গ)** উদ্দীপকের দিগন্তের সাথে 'মিনু' গল্পের সাদৃশ্যতার দিকগুলো চিহ্নিত কর। ৩

**ঘ)** প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়"-উদ্দীপক ও মিনু গল্পের আলোকে উক্তিটি ব্যাখ্যা করো।৪

**৩। ১৯৭১ সালে পাকিস্তানী হানাদার বাহিনী বাংলার নিরীহ মানুষের উপর বর্বরোচিত হামলা চালায়। ঘৃণ্য কাপুরুষোচিত তাদের হামলা থেকে এদেশের নারী, পুরুষ, যুবা-বৃদ্ধা শিশু কেউ রেহাই পায় নি। অসংখ্য মানুষের পিঁপড়ের মতো নিরাপদ আশ্রয়ের জন্য ছুটছিল সেদিন। গ্রামের মানুষ এসেছে শহরের দিকে। শহরের মানুষ আসে গ্রামের দিকে। পাকিস্তানীরা ঘরবাড়ি জ্বালিয়ে দিয়েছিল। একই পরিবারের কে কোথায় আছে, কেউ জানে না। সবার চোখে মুখে অস্থির আতঙ্ক।**

**ক)** 'জয়িফ' শব্দের অর্থ কী ? ১

**খ)** "গরিব হতে পারি। কিন্তু আমরা জানোয়ার না।" উক্তিটি কার ব্যাখ্যা কর। ২

**গ)** উদ্দীপকের মুল বিষয়বস্তু তোলপাড় গল্পের মূল বিষয় বস্তুর সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

**ঘ)** "উদ্দীপক এবং তোলপাড় গল্প উভয় ক্ষেত্রেই বর্বর হানাদার বাহিনীর নির্মম বর্বরতা ফুটে উঠেছে।" মন্তব্যটির যথার্থ কিনা মূল্যায়ন কর। ৪

**৪। সেতু তার দাদুর কাছ থেকে ভাষা আন্দোলনের কথা শুনেছিল। সেতুর দাদু একজন ভাষা সৈনিক। ১৯৫২ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। মাতৃভাষার অধিকার রক্ষায় তিনি সাহসী ভূমিকা পালন করেন। পুলিশের গুলি উপেক্ষা করে তিনি ভাষার দাবি আদায় করতে এগিয়ে গেছেন। তার চোখের সামনে নির্ভীকচিত্তে প্রাণ দিয়েছেন অনেকে। ভাষা শহীদদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে ভাষার অধিকার।**

**ক)** ঢাকায় ছাত্র ধর্মঘট কত তারিখে পালিত হয় ? ১

**খ)** ছাত্ররা কীভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে? ২

**গ)** উদ্দীপকের সাথে 'অমর একুশে'রচনার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

**ঘ)** "অমর একুশে" রচনার সবগুলো ঘটনা উদ্দীপকে প্রকাশ পায় নি।" উক্তিটির স্বপক্ষে তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

## খ-অংশ : পদ্য

**৫। কৃপা জানে মানুষের কাছে সবচেয়ে প্রিয় হচ্ছে 'মা'। ক্লাসে পাঠদানের সময় শিক্ষিকা অখিলনন্দা রায় বলেন, '**মামাতৃভাষা ও মাতৃভূমি সব মানুষের কাছে পরম প্রিয়। কৃপা দাঁড়িয়ে ' স্যারের কাছে সবিনয়ে জানতে চায় মায়ের মতো মাতৃভাষা ও মাতৃভূমি এত প্রিয় ,স্যার তাকে বলেন ?কেন'**জন্মের পর মা যেমন দুধ পান করিয়ে আমাদের বড় করেন, তেমনি মাতৃভূমির প্রকৃতি ও ভাষার মমতার আশ্রয়ে আমরা বেঁচে আছি। তাই মাতৃভাষা ও মাতৃভূমি আমাদের মায়ের মতোই।**

**ক)** রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় জন্মগ্রহণ করেন ? ১

**খ)** মা, মাতৃভাষা ও মাতৃভূমি সব মানুষের কাছে কেন প্রিয় ? ২

**গ)** 'মাতৃভূমি আমাদের মায়ের মতোই'-জন্মভূমি কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩

**ঘ)** "উদ্দীপকের বিষয়বস্তু এবং বিশ্বকবি রবীন্দনাথ ঠাকুর রচিত জন্মভূমি কবিতার বিষয়বস্তু যেন একই সুত্রে গাঁথা"-যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

**৬। এসএসসি পরীক্ষায় অকৃতার্য হয়ে আরুশি হতাশ হয়ে পড়ে। আরুশির বান্ধবী অদ্রিকা বলল, নাভা অন্যের বাড়িতে কাজ করে ফাঁকে ফাঁকে বি.এ পাশ করেছে। সুতরাং মানুষের অসাধ্য কিছু নেই। আরুশি, তুমি হাল ছেড়ে দিও না। আমর বিশ্বাস চেষ্টা করলে তুমি ভালো ফল করতে পারবে।**

**ক)** সংসারকে কবি কী বলেছেন ? ১

**খ)** 'তার হাতে সুখ কোথাও কী আছে?' কবি এ চরণে কোন সুখের কথা বলেছেন? ২

**গ)** আরুশির হতাশার মধ্যে সুখ কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে তার বর্ণনা দাও। ৩

**ঘ)** "অদ্রিকার চিন্তা ভাবনা কবির 'যাও বীরবেশে কর গিয়া রণ'-এ চরণের ভাবকেই ধারণ করেছে" মন্তব্যটি বিশ্লেষণ কর।

**৭। শ্রেণিশিক্ষিকা সংস্কৃতি রায় তার পাঠদানকালে বলেন, এই পৃথিবী জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের আবাস ভূমি। তাই তো পৃথিবীর কোথাও নিগ্রোরা বাস করে, শ্বেতাঙ্গাদের বাস। কিন্তু ক্ষুধা-তৃষ্ণার অনুভূতি সব মানুষেরই রয়েছে। পৃথিবীর সকলেই এক মানুষ জাতি।**

**ক)** 'মানুষ জাতি' কবিতার রচয়িতা কে ? ১

**খ)** পৃথিবীর সাথে মানুষের শক্ত ভিত্তি থাকার কারণ কী ? ২

**গ)** উদ্দীপকে মানুষ জাতি কবিতার ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর। ৩

**ঘ)** আমাদের পরিচয় একটি তা হলো আমরা মানুষ।' কবিতার আলোকে বিশ্লেষণ কর।৪

**৮। ঠাকুরগাঁও জেলার অন্তর্গত কচুবাড়ি থানার রামনগর গ্রামে হিমিকার জন্ম। সেখানে সবুজ গাছপালা, দিগন্তজোড়া ফসলের মাঠ, পাখির কলকাকলিতে মুখরিত। বাড়ির আঙ্গিনায় শশা, ঝিঙে, পুঁই মাচার পাশেই শিউলী, বেলী ও জবা গাছ লাগায়। উচ্চ শিক্ষার জন্য সে এখন বিদেশে। কিন্তু তার মন পড়ে থাকে গ্রামে।**

**ক)** কাজী নজরুল ইসলামের জন্ম কত সালে ? ১

**খ)** প্রজাপতি ও আসমানের তারা ঝিঙে ফুলকে ডাকে কেন ? ২

**গ)** উদ্দীপকে ‘ঝিঙেফুল’ কবিতায় যে ভাবটি প্রকাশিত হয়েছে তার বর্ণনা দাও। **৩**